

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## আবশ্যিক

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :

### শিক্ষক পদ

- ১। **পুরকৌশল বিভাগ**  
সহযোগী অধ্যাপক-এর ৩ টি স্থায়ী পদ। বেতন স্কেলঃ ৮ঃ ২৫৭৫০-৩৩৭৫০/-। দরখাস্ত দাখিলের শেষ তারিখঃ ০১/১০/২০১৪।
- ২। **যন্ত্রকৌশল বিভাগ**  
সহযোগী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেলঃ ৮ঃ ২৫৭৫০-৩৩৭৫০/-। দরখাস্ত দাখিলের শেষ তারিখঃ ৩১/০৮/২০১৪।
- ৩। **সি.এস.ই. বিভাগ**  
সহযোগী অধ্যাপক-এর বিপরীতে সহকারী অধ্যাপক-এর ১ টি অস্থায়ী পদ। বেতন স্কেল ৮ঃ ১৮৫০০-২৯৭০০/-। দরখাস্ত দাখিলের শেষ তারিখঃ ১৩/০৮/২০১৪।
- ৪। **বায়ো-মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ**  
লেকচারার-এর ২ টি পদ (চুক্তি ভিত্তিক যাহা ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ১ টি যন্ত্রকৌশল এবং ১ টি তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল। বেতন স্কেল ৮ঃ ১১০০০-২০৩৭০/- অনুযায়ী।। দরখাস্ত দাখিলের শেষ তারিখঃ ১৩/০৮/২০১৪।

**বিশেষ দ্রষ্টব্য-** যন্ত্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক-এর ১ টি স্থায়ী পদে ইতিপূর্বে নিয়োগের জন্য বিজ্ঞাপন দেওয়া হয়, যাহার আবেদন পত্র দাখিলের শেষ তারিখ ১০/০৮/২০১৪ ছিল। কর্তৃপক্ষের নির্দেশক্রমে উক্ত পদের নিয়োগ প্রক্রিয়া এতদ্বারা বাতিল করা হইল।

বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইট ([www.buet.ac.bd/regoffice/](http://www.buet.ac.bd/regoffice/)) এবং বুয়েটের নোটিশ বোর্ড দেখা অথবা রেজিস্ট্রার অফিসের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করা যাইতে পারে।

## রেজিস্ট্রার

### সকল পদের জন্য প্রয়োজ্যঃ-

এই বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার-এর অনুকূলে প্রদেয় ৮ঃ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (ঢাকা মহানগরস্থ যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পিউটার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ রেজিস্ট্রার অফিসে প্রাপ্ত নির্ধারিত ফরমে (সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক) রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র (শিক্ষক পদের ক্ষেত্রে REG-1-এ ১৫ সেট) দাখিল করিতে হইবে। প্রত্যেক সেটের সাথে সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

বিদেশী ডিগ্রীধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-1) এবং শিক্ষক পদের Q.T ব্যক্তিগতভাবে অথবা প্রয়োজনীয় ডাকটিকেটসহ ঠিকানা সম্বলিত খাম প্রেরণ করিয়া এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার-এর অফিস হইতে সংগ্রহ করা যাইবে। BUET Web Site-এর download page হইতেও REG-1 সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

স্বাক্ষর/-

(প্রফেসর ডঃ এ কে এম মাসুদ)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/রে-৩৫২(৬০)

তারিখঃ ১৫/০৭/২০১৪

**বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ঃ-**

- ১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ।
- ২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ।
- ৩। প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ- বিজ্ঞপ্তিটি **Web Site**-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।